



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলানগর

ঢাকা - ১২০৭

www.lged.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৮.০০২.২০-৮৮-১৬

তারিখ: ১২.১০.২০২২ খ্রিঃ।

প্রতি,

নির্বাহী প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ----- (সকল)।

বিষয় : এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি স্থাপনের জন্য কক্ষ বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি কর্তৃক বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কাজ উপজেলা পর্যায়ে বাস্তবায়ন করা হয়ে থাকে। উপজেলা পর্যায়ে স্থাপিত মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরির মাধ্যমে কাজের গুণগতমান নিশ্চিতকরণের ফলে অবকাঠামোর স্থায়িত্ব বৃদ্ধি করবে। কাজের গুণগতমান নিয়ন্ত্রণের উপজেলা ল্যাবরেটরি জেলা ল্যাবরেটরির সহায়ক হিসেবে কাজ করবে এবং Test Frequency মোতাবেক Test নিশ্চিতকরণের মাধ্যমে উপজেলা পর্যায়ে কাজের গুণগতমানের প্রত্যয়ন প্রদান করবে। এছাড়াও অন্যান্য দপ্তর ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কাজের গুণগতমান নিশ্চিত ভূমিকা রাখবে।

জেলা পর্যায়ের মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরির জনবল স্বল্পতা ও উন্নয়নমূলক কাজের ব্যাপকতার কারণে Test Frequency অনুযায়ী টেস্ট সম্পাদন করা অনেকটা কষ্টসাধ্য ও কঠিন হয়ে পড়েছে। তাই উন্নয়নমূলক কাজের মান নিশ্চিতপূর্বক অগ্রগতি ত্বরান্বিত করার লক্ষ্যে প্রাথমিকভাবে উপজেলা পর্যায়ে উন্নয়ন কাজের টেস্ট সম্পাদন করা প্রয়োজন। এ লক্ষ্যে Logistic Support হিসেবে উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি স্থাপন আবশ্যিক।

এমতাবস্থায়, এলজিইডি'র আওতায় উপজেলা পর্যায়ে মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি স্থাপনের নিমিত্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনা করে উপজেলা পর্যায়ে উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় ১/২টি রুম বরাদ্দ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(সেখ মোহাম্মদ মহসিন)

প্রধান প্রকৌশলী

ফোন : +880-2-58152802

ই-মেইল : ce@lged.gov.bd

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ- (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

- ১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি-----বিভাগ,-----।
- ২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি-----অঞ্চল,-----।
- ৩) জেলা প্রশাসক (সকল), জেলা:-----।
- ৪) উপজেলা চেয়ারম্যান (সকল), উপজেলা:-----জেলা:-----।
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল), উপজেলা:-----জেলা:-----।
- ৬) উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, উপজেলা:-----জেলা:-----।